

প্রিয় পরিবারবর্গ:

আমরা আপনাকে এই চিঠির মাধ্যমে ইয়েলো বাস সার্ভিসে (স্কুল বাস পরিষেবা) একটি সম্ভাব্য বিঘ্ন সম্পর্কে অবহিত করছি। আপনার সন্তান যদি স্কুলে যাবার জন্য ইয়েলো বাস সার্ভিস (স্কুল বাস পরিষেবা) ব্যবহার করে, তবে এর ফলে তার স্কুলে যাতায়াতে প্রভাব পরতে পারে। কোনো ধর্মঘট হলে, প্রতিটি শিক্ষার্থী, বিশেষত আমাদের সবচেয়ে নাজুক শিক্ষার্থীরা, যেন কোনো বিঘ্ন ছাড়া তাদের স্কুলে অংশগ্রহণ অব্যাহত রাখতে পারে, তা আমাদের সর্বোচ্চ প্রাধান্য হিসেবে বজায় থাকছে।

এই সম্ভাব্য ধর্মঘটের কারণ হচ্ছে যেসব কোম্পানি আমাদের স্কুলগুলোতে ইয়েলো বাস সার্ভিস (স্কুল বাস পরিষেবা) প্রদান করে তাদের সাথে বাস ড্রাইভার ও অ্যাটেন্ড্যান্টদের প্রতিনিধিত্বকারী একটি ইউনিয়নের চাকুরির শর্তাবলী নিয়ে মতবিরোধ হচ্ছে এবং এর ফলে আমাদের বাস চলাচলের প্রায় অর্ধেক পথসমূহ (বাস রুট) প্রভাবিত হতে পারে। একটি ধর্মঘট আমাদের শিক্ষার্থী ও পরিবারদের উপর যে উল্লেখযোগ্য প্রভাব ফেলবে তা এড়ানোর লক্ষ্যে NYC পাবলিক স্কুলস্‌এবং মেয়রের অফিস নিবিড়ভাবে ঘটনাটি পর্যবেক্ষণ করছে এবং একটি সমাধানে পৌঁছাতে সহায়তা করার জন্য সিটি জুড়ে আমাদের অংশীদারদের সাথে কাজ করছে। কিন্তু, যেহেতু এধরনের একটি ধর্মঘটের সম্ভাবনা রয়েছে, সেহেতু আমরা চাই আপনারা সচেতন ও অবগত থাকুন। সর্বসাম্প্রতিক পরিস্থিতি এবং লভ্য সংস্থানসমূহের প্রতি আপনি সচেতন আছে তা নিশ্চিত করতে — অনুগ্রহ করে নিচের তথ্য পর্যালোচনা করুন এবং আমাদের ওয়েবসাইট — [schools.nyc.gov/transportation](https://schools.nyc.gov/transportation) দেখা অব্যাহত রাখুন।

- **NYC পাবলিক স্কুলস্‌এর অনলাইন তথ্য-সংস্থানসমূহ:** পরিবারদের জন্য বাস পরিষেবায় বিঘ্নতা সংক্রান্ত তথ্য-সংস্থান আমাদের ওয়েবসাইট [schools.nyc.gov/transportation](https://schools.nyc.gov/transportation) -এ পাওয়া যাবে। এখানে আপনি জরুরী পরিস্থিতির জন্য মেট্রোকার্ড, শিক্ষার্থী ও পরিবারদের জন্য যাতায়াতের বিকল্প, আপনার সন্তানের উপস্থিতি প্রক্রিয়া, এবং ইয়েলো বাস সার্ভিস (স্কুল বাস পরিষেবা) পুরোপুরি শুরু না হওয়া পর্যন্ত অন্যান্য যে সহায়তা আছে সেগুলো সম্পর্কে তথ্য দেবে। যেহেতু আমরা সর্বসাম্প্রতিক তথ্য হালনাগাদ করবো, সেহেতু অনুগ্রহ করে প্রতিনিয়ত এই পেজটি দেখুন।
- **সোশ্যাল মিডিয়ায় হালনাগাদকৃত তথ্য:** এছাড়াও আমরা আমাদের সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্টগুলোর মাধ্যমে হালনাগাদকৃত তথ্য শেয়ার করবো ([Facebook](https://www.facebook.com/NYCSchools), [Twitter](https://twitter.com/NYCSchools), এবং [Instagram](https://www.instagram.com/NYCSchools) -এ @NYCSchools)।
- **অতিরিক্ত তথ্য:** এছাড়াও আপনি ইয়েলো বাস সার্ভিস (স্কুল বাস পরিষেবা) সম্পর্কে তথ্য ও সর্বসাম্প্রতিক তথ্যের জন্য যেকোনো সময় আমাদের ট্রান্সপোর্টেশন কল সেন্টার-এ 718-392-8855 নম্বরে ফোন, [transportation@schools.nyc.gov](mailto:transportation@schools.nyc.gov) ঠিকানায় ইমেইল, অথবা 311 নম্বরে ফোন করতে পারেন।
- **ধর্মঘট হলে বিজ্ঞপ্তি:** যদি কোনো ধর্মঘট হয় এবং আপনার সন্তান প্রভাবিত হয়, তবে আপনি আমাদের কাছ থেকে একটি সয়ংক্রিয় ফোন কল, ইমেইল, এবং টেক্সট মেসেজ পাবেন, এর পাশাপাশি বাস পরিষেবায় বিঘ্নতা সৃষ্টির প্রথম সকালে আরেক দফা বিজ্ঞপ্তি পাবেন। আপনার স্কুল আমাদের যে যোগাযোগের তথ্য দিয়েছে সেগুলোতে বিজ্ঞপ্তি পাঠানো হবে, সেজন্য আপনার স্কুলে এবং আপনার [NYC স্কুলস্‌অ্যাকাউন্টে](https://schools.nyc.gov) আপনার যোগাযোগের তথ্য হালনাগাদকৃত আছে তা নিশ্চিত করা গুরুত্বপূর্ণ (আরো

জানতে [schools.nyc.gov/NYCSA](https://schools.nyc.gov/NYCSA) দেখুন)। বাস পরিষেবা পুনরায় চালু হবার পর, এই হালনাগাদকৃত তথ্য সহ আপনি সয়ৎক্রিয় বিজ্ঞপ্তি পাবেন।

- **ধর্মঘট হলে বিকল্প পরিবহন:** প্রভাবিত পরিবারদের জন্য বিকল্প পরিবহন ব্যবস্থা করতে NYC পাবলিক স্কুলস সক্রিয়ভাবে কাজ করছে। ধর্মঘটের ফলে প্রভাবিত সকল পরিবার শিক্ষার্থী ও প্রযত্ন-প্রদানকারী উভয়ের জন্য জরুরী পরিস্থিতির (ইমার্জেন্সি) মেট্রোকার্ড-এর বিকল্প পাবেন। অতিরিক্তভাবে, যেসব প্রতিবন্ধিতায়ুক্ত শিক্ষার্থীর ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রামে (IEP) কিংবা 504 অ্যাকোমোডেশন প্ল্যান (504)-এ পরিবহন সুপারিশ করা হয়েছে; অস্থায়ী আবাসন বা টেম্পোরারি হাউজিং অথবা ফস্টার কেয়ার-এ বসবাসকারী শিক্ষার্থীবৃন্দ যারা ইয়েলো বাস পরিষেবা পেয়ে থাকে; এবং আমাদের **পরিবহন যোগ্যতায় ব্যতিক্রম সংক্রান্ত ওয়েব পেজ-এ** ([schools.nyc.gov/transportationexceptions](https://schools.nyc.gov/transportationexceptions)) যেভাবে সংজ্ঞায়িত হয়েছে সেভাবে যেসব শিক্ষার্থীর পরিবহন যোগ্যতায় ব্যতিক্রম রয়েছে, তাদেরকে NYC পাবলিক স্কুলস পূর্বে অর্থ-পরিশোধকৃত (প্রি-পেইড) রাইডশেয়ার প্রদান করবে এবং অর্থ-পরিশোধ অফার করবে। আমরা আসন্ন দিনগুলোতে অতিরিক্ত তথ্য প্রদান করবো। ধর্মঘট হলে, আমাদের স্কুলের ট্রান্সপোর্টেশন কোঅর্ডিনেটর আপনার সন্তানের চাহিদা মূল্যায়নে আপনার সাথে কাজ করবেন যেন এই পরিষেবার বিঘ্নতার সময় স্কুলে যাওয়া-আসার জন্য আপনার পরিবার যাতায়াতের জন্য সম্ভাব্য সবচেয়ে ভালো বন্দোবস্ত করতে পারেন।

আমরা জানি আমাদের কত শিক্ষার্থী ও পরিবার ইয়েলো বাস সার্ভিসের (স্কুল বাস পরিষেবা) উপর নির্ভর করে এবং এমনকি এই পরিষেবায় যে সম্ভাব্য বিঘ্নতা সৃষ্টি হবে তাতে যে উদ্বেগ ও উৎকর্ষা সৃষ্টি করবে, সেজন্য আমরা আমাদের পরিবারদের সাথে স্বচ্ছতা বজায় রাখতে চাই। আমরা আপনাদের যত বেশি সম্ভব বিজ্ঞপ্তি ও তথ্য সরবরাহ করা অব্যাহত রাখবো। সকল পক্ষ একটি সমাধানে পৌঁছাতে নিবিশ্চিহ্নে কাজ করে যাচ্ছেন, এবং আমরা আশা করছি যে এই পরিকল্পনাগুলো বাস্তবায়ন করার প্রয়োজন হবে না।

আমরা আপনাকে এবং আমাদের সকল পরিবারদের সম্ভাব্য সকল উপায়ে সহায়তা করা জন্য অঙ্গিকারবদ্ধ।

আন্তরিকভাবে,

এমা ভাদেহরা (Emma Vadehra)

চিফ অপারেটিং অফিসার

NYC পাবলিক স্কুলস